AME(ICT, RTHD)
02/04/2018

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
কার্যক্রম ও এডিপি শাখা
www.rthd.gov.bd

নং-৩৫.০০.০০০০.০৩২.০৬.০১১.১৭-১৪৮ তারিখঃ ০২-০৪-২০১৮

বিষয়ঃ ২০১৭-২০১৮ অর্থবছরের ফেব্রুয়ারি ২০১৮ পর্যন্ত এডিপিভুক্ত জিওবি প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সভার কার্যববরণী প্রেরণ সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ে গত ২১ মার্চ ২০১৮ তারিখে অনুষ্ঠিত এডিপি পর্যালোচনা সভার কার্যবিবরণী এতদসংগে প্রেরণ করা হল। উক্ত কার্যবিবরণীতে উল্লিখিত স্ব স্ব বিষয়ের উপর পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণপূর্বক বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন (নিকস ফন্টে হার্ড ও সফট কপি) ও ই-মেইল (sajalpol@gmail.com) ঠিকানায় প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।

সংযুক্তি: বর্ণনামতে।

02/08/2018

(তওহীদ আহমদ সজল)
সিনিয়র সহকারী প্রধান
ফোন- ৯৫১৪২৬৬
E-mail: sajalpol@gmail.com

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১। মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা
২। সিনিয়র সচিব, অর্থ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩। সচিব, বাস্তবায়ন, পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, শেরে-বাংলা নগর, ঢাকা
৪। সদস্য (কার্যক্রম), পরিকল্পনা কমিশন, শের-ই-বাংলা নগর, ঢাকা
৫। সদস্য (ভৌত অবকাঠামো), পরিকল্পনা কমিশন, শের-ই-বাংলা নগর, ঢাকা
৬। অতিরিক্ত সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
৭-৮। অতিরিক্ত সচিব (উন্নয়ন/বাজেট), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
৯। ইইনসি ইঞ্জিনিয়ার পরিদপ্তর, সেনা সদর, ঢাকা সেনানিবাস, ঢাকা
১০। নির্বাহী পরিচালক, ডিটিসিএ, নগর ভবন, ঢাকা
১১। চেয়ারম্যান, বিআরটিএ, তেজগাঁও, ঢাকা
১২। চেয়ারম্যান, বিআরটিসি, পরিবহন ভবন, মতিঝিল, ঢাকা
১৩। প্রধান প্রকৌশলী, সওজ অধিদপ্তর, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা
১৪। যুগ্ম-সচিব (বিআরটিসি), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
১৫। মহা পরিচালক, সদর দপ্তর ২৪ ইঞ্জিনিয়ার কন্ট্রাকশন ব্রিগেড, ঢাকা সেনানিবাস, ঢাকা
১৬। মহা পরিচালক, সদর দপ্তর ৩৪ ইঞ্জিনিয়ার কন্ট্রাকশন ব্রিগেড, দামপাড়া আর্মি ক্যাম্প, চট্টগ্রাম
১৭। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, সিজিএ ভবন, ঢাকা

অনুলিপি সদয় অবগতি জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২। সচিব মহোদয়ের একান্ত সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩। সিনিয়র সিস্টেম এনালিস্ট, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ (কার্যবিবরনীটি এ বিভাগের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)
৪। যুগ্মপ্রধান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৫। উপপ্রধান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৬-৭। অফিস কপি/মাস্টার কপি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
কার্যক্রম ও এডিপি শাখা

২০১৭-২০১৮ অর্থবছরের ফেব্রুয়ারি ২০১৮ পর্যন্ত এডিপিভুক্ত জিওবি প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সভার কার্যবিবরণী

সভাপতি : মোঃ নজরুল ইসলাম
সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়

তারিখঃ : ২১ মার্চ ২০১৮ খ্রিস্টাব্দ

সময় : দুপুর ১২:০০ ঘটিকা

স্থানঃ : সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের সম্মেলন কক্ষ

উপস্থিতিঃ : পরিশিষ্ট-ক

১. উপস্থাপনা

সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। সভাপতির অনুমোদনক্রমে যুগ্মপ্রধান সভায় জানান যে, ২০১৭-২০১৮ অর্থবছরের এডিপিতে এ বিভাগের আওতায় ১৩২টি প্রকল্প (জিওবি ১১১টি ও পিএ ২০টি) অন্তর্ভুক্ত রয়েছে। এডিপিভুক্ত প্রকল্পসমূহের অনুকূলে প্রাপ্ত মোট বরাদ্দের পরিমাণ ১৬৮৩০.০২ কোটি টাকা (জিওবি ৯১৭৪.৩১ কোটি টাকা ও পিএ ৭৬৫৫.৭১ কোটি টাকা)। ফেব্রুয়ারি ২০১৮ পর্যন্ত জিওবি খাতের ৫৬৪৭.০২ কোটি টাকা (৬১.৫৫%) ছাড়পূর্বক ৩৫৪৩.১৮ কোটি টাকা (৩৮.৬২%) ব্যয় হয়েছে। নিম্নে আলোচ্যসূচী অনুযায়ী আলোচনা ও সিদ্ধান্ত প্রদান করা হলঃ

২. আলোচনা ও সিদ্ধান্ত

আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
২.১ এডিপি বাস্তবায়ন	সভায় আলোচনা হয় যে, এ বিভাগের চলতি অর্থবছরের এডিপি বরাদ্দের মধ্যে ফেব্রুয়ারি ২০১৮ পর্যন্ত জিওবি অর্থ ৩৮.৬২% ব্যয় হয়েছে এবং মোট এডিপি'র ৩৭.৯৯% ব্যয় হয়েছে। প্রকল্পভিত্তিক কর্মপরিকল্পনা অনুযায়ী বাস্তবায়ন ও অর্থ ব্যয় নিশ্চিত করার জন্য নির্দেশনা প্রদান করা হয়।	প্রকল্পভিত্তিক কর্মপরিকল্পনা অনুযায়ী বাস্তবায়ন এবং ১০০% অর্থ ব্যয় নিশ্চিতকরণের উদ্যোগ গ্রহণ করতে হবে।	সকল সংস্থা
২.২ নতুন অনুমোদিত প্রকল্প	সভায় নতুন অনুমোদিত প্রকল্পসমূহের প্রকল্প পরিচালক নিয়োগের প্রস্তাব প্রেরণের জন্য নির্দেশনা প্রদান করা হয়। প্রকল্প পরিচালক নিয়োগের বিষয়ে সভায় উল্লেখ করা হয় যে, সড়ক ও জনপথ অধিদপ্তরের যে জনবল রয়েছে তাতে সকল প্রকল্পে পূর্ণকালীন প্রকল্প পরিচালক নিয়োগ প্রদান করা অত্যন্ত দুরূহ। প্রকল্পের ধরণ অনুযায়ী সংশ্লিষ্ট জোনের অতিরিক্ত প্রধান প্রকৌশলী বা অন্য কর্মকর্তা কর্তৃক প্রকল্প বাস্তবায়ন করাই সমীচীন হবে। এক জোনের কর্মকর্তা অন্য জোনের প্রকল্পের দায়িত্বে থাকলে বাস্তবায়ন/সুপারভিশন যথাযথ হবে না এবং এডিপি বাস্তবায়নসহ প্রকল্পের অগ্রগতি বাধাগ্রস্ত হবে মর্মে প্রতীয়মান হয়। বাস্তব অবস্থার নিরীখে কিভাবে প্রকল্প পরিচালক নিয়োগ করা যায় তা বিবেচনা করা প্রয়োজন। সভাপতি বলেন যে, এ বিভাগের আওতাধীন প্রকল্পসমূহের প্রকল্প পরিচালক নিয়োগের ক্ষেত্রে পরিপত্রের এ সকল বিষয়সহ প্রয়োজনীয় অন্যান্য বিষয় শীথিলকরণের জন্য পরিকল্পনা মন্ত্রণালয়ে একটি পত্র প্রেরণের নিমিত্ত সওজ অধিদপ্তরকে সকল যৌক্তিকতা তুলে ধরে একটি প্রস্তাব প্রেরণের জন্য নির্দেশনা প্রদান করা হয়। নতুন অনুমোদিত প্রকল্পসমূহের ভূমি অধিগ্রহণ, ইউটিলিটি স্থানান্তর ও প্রকল্পের সেতু ও পেভমেন্ট ডিজাইন প্রস্তুতের কাজ দ্রুত সম্পন্ন করার জন্য নির্দেশনা প্রদান করা হয়েছে।	(ক) নতুন অনুমোদিত প্রকল্পসমূহের প্রকল্প পরিচালক নিয়োগের প্রস্তাব দ্রুত মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। (খ) প্রকল্প পরিচালক নিয়োগের ক্ষেত্রে পরিপত্রের যে সকল বিষয়সমূহ অনুসরণ করা দুরূহ সে সকল বিষয়সহ প্রয়োজনীয় অন্যান্য বিষয় শীথিলকরণের জন্য পরিকল্পনা মন্ত্রণালয়ে একটি পত্র প্রেরণের নিমিত্ত সওজ অধিদপ্তরকে সকল যৌক্তিকতা তুলে ধরে একটি প্রস্তাব দ্রুত মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। (গ) নতুন অনুমোদিত প্রকল্পের ভূমি অধিগ্রহণ, ইউটিলিটি স্থানান্তর ও প্রকল্পে অন্তর্ভুক্ত সেতু ও মহাসড়কের ডিজাইন প্রস্তুতের কাজ দ্রুত সম্পন্ন করতে হবে।	সওজ অধিদপ্তর ও সকল সংস্থা/ সকল প্রকল্প পরিচালক

২.৩ সংশোধিত অননুমোদিত, মেয়াদ উত্তীর্ণ ও সমাপ্তির জন্য নির্ধারিত প্রকল্প প্রকল্প	সংশোধিত অননুমোদিত প্রকল্প দ্রুত অনুমোদনের ব্যবস্থা গ্রহণ, চলতি অর্থবছরে সমাপ্য প্রকল্পসমূহের আন্তঃখাত সমন্বয় বা সংশোধনের প্রয়োজন হলে অনতিবিলম্বে প্রস্তাব প্রেরণ এবং চলতি অর্থবছরে সমাপ্তির জন্য নির্ধারিত প্রকল্পসমূহের মধ্যে যেগুলো সমাপ্ত করা সম্ভব হবে না সেগুলোর মেয়াদ বৃদ্ধির প্রস্তাব দ্রুততম সময়ের মধ্যে মন্ত্রণালয়ে প্রেরণের জন্য নির্দেশনা প্রদান করা হয়।	(ক) সংশোধিত অননুমোদিত প্রকল্প দ্রুত অনুমোদনের ব্যবস্থা গ্রহণ করতে হবে। (খ) চলতি অর্থবছরে সমাপ্য প্রকল্পসমূহের আন্তঃখাত সমন্বয় বা সংশোধনের প্রয়োজন হলে অনতিবিলম্বে প্রস্তাব প্রেরণ করতে হবে। (গ) চলতি অর্থবছরে সমাপ্তির জন্য নির্ধারিত প্রকল্পসমূহের মধ্যে যেগুলো সমাপ্ত করা সম্ভব হবে না সেগুলোর মেয়াদ বৃদ্ধির প্রস্তাব দ্রুত মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।	সকল সংস্থা/ প্রকল্প পরিচালক
২.৪ অর্থ ছাড়	চলতি অর্থবছরে মোট ৫৬৪৭.০২ কোটি টাকা ছাড় করা হয়েছে। সভায় ২০১৭-২০১৮ অর্থবছরের আরএডিপি বরাদ্দের অর্থ যথাসময়ে ছাড়করণ ও যথাযথ ব্যয় নিশ্চিত করার পরামর্শ দেয়া হয়।	২০১৭-২০১৮ অর্থবছরের এডিপি বরাদ্দের অর্থ যথাসময়ে ছাড়করণ ও ব্যয় নিশ্চিত করতে হবে এবং একাধিক কিস্তির প্রয়োজন হলে যথানিয়মে প্রস্তাব প্রেরণ করতে হবে।	সকল সংস্থা
২.৫ পিসিআর	২০১৬-২০১৭ অর্থবছরে মোট সমাপ্ত প্রকল্পসমূহের মধ্যে যেসকল প্রকল্পের পিসিআর মন্ত্রণালয়ে পাওয়া যায়নি, সেগুলোর সংশ্লিষ্ট প্রকল্প পরিচালকগণকে পিসিআর দ্রুত মন্ত্রণালয়ে প্রেরণের জন্য নির্দেশনা প্রদান করা হয়।	সমাপ্ত প্রকল্পসমূহের মধ্যে যেসকল প্রকল্পের পিসিআর মন্ত্রণালয়ে পাওয়া যায়নি, সেগুলোর পিসিআর দ্রুত মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।	সংশ্লিষ্ট সকল সংস্থা এ বং পরিকল্পনা উইং
২.৬ জেলা মহাসড়ক যথাযথ মান ও প্রশস্থতায় উন্নীতকরণ (প্রস্তাবিত)	সভাকে অবহিত করা হয় যে, খুলনা, বরিশাল, সিলেট, কুমিল্লা, রংপুর, রাজশাহী, গোপালগঞ্জ ও চট্টগ্রাম জোনের জেলা সড়ক উন্নয়ন সংক্রান্ত ডিপিপিসমূহ অনুমোদনের জন্য প্রক্রিয়াধীন রয়েছে।	জেলা মহাসড়ক উন্নয়ন সংক্রান্ত ডিপিপিসমূহ অনুমোদনের লক্ষ্যে যথাযথ উদ্যোগ গ্রহণ করতে হবে।	পরিকল্পনা উইং এবং অতিরিক্ত প্রধান প্রকৌশলী সকল জোন
২.৭ বাংলাদেশ সেনাবাহিনী কর্তৃক বাস্তবায়নাধীন প্রকল্প			
অনুমোদিত প্রকল্প			
১) বাংলাদেশ- মায়ানমার মৈত্রী সড়ক (বালুখালী-ঘুনদুম) নির্মাণ মেয়াদকাল: ০১/০৭/২০১৫-৩০/০৬/২০১৮ প্রাক্কলিত ব্যয়: ১১৪.৯৫ কোটি টাকা এডিপি ক্রম: ৩১	সভাকে অবহিত করা হয় যে, সীমান্ত অংশে সেতু বাদ দিয়ে ডিপিপি সংশোধনের জন্য পিএসসি সভায় সুপারিশ করা হয়। পিএসসি সভায় সুপারিশ অনুযায়ী ডিপিপি সংশোধন করে প্রেরণের জন্য নির্দেশনা দেয়া হয়।	পিএসসি সভার সুপারিশের আলোকে ডিপিপি সংশোধন করে মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।	৩৪ ইঞ্জিনিয়ার কনস্ট্রাকশন ব্রিগেড চট্টগ্রাম ও সওজ অধিদপ্তর
২) মহালছড়ি-সিন্দুকছড়ি-জালিয়াপাড়া সড়ক পুন:নির্মাণ মেয়াদকাল: ৩০/১২/২০১৬-৩০/১২/২০১৮ প্রাক্কলিত ব্যয়: ২৪.৯৯ কোটি টাকা এডিপি ক্রম: ৮০	সভায় জানানো হয় যে, প্রকল্পের কার্যক্রম যথাযথভাবে চলমান রয়েছে। প্রকল্পের কাজ যথাসময়ে সম্পন্ন করার নির্দেশনা প্রদান করা হয়।	প্রকল্পের কাজ যথাসময়ে সম্পন্ন করতে হবে।	৩৪ ইঞ্জিনিয়ার কনস্ট্রাকশন ব্রিগেড চট্টগ্রাম

৩) সিলেট শহর বাইপাস-গ্যারিসন লিংক টু শাহ পরাণ সেতু ঘাট সড়ক ৪-লেন মহাসড়ককে উন্নয়ন মেয়াদকাল: ০১/০৪/২০১৭-৩১/১২/২০১৮) প্রাক্কলিত ব্যয় ২৩৫.৬৬ কোটি এডিপি ক্রম: ৯৪	সভায় প্রকল্পটির প্রকল্প পরিচালক নিয়োগ ও প্রকল্পের কার্যক্রম এগিয়ে নেয়ার জন্য নির্দেশনা প্রদান করা হয়।	যথাযথ প্রক্রিয়ায় প্রকল্প পরিচালক নিয়োগ ও প্রকল্পের কার্যক্রম এগিয়ে নিতে হবে।	২৪ ইঞ্জিনিয়ার কন্ট্রাকশন ব্রিগেড ও সওজ অধিদপ্তর
অননুমোদিত প্রকল্প			
১) ওয়াকওয়ে/সাইকেলওয়ে নির্মাণ প্রকল্প (কলাতলী হতে লাবনী পয়েন্ট)	সভাকে অবহিত করা হয় যে, প্রকল্পটি'র ডিপিপি পরিকল্পনা কমিশনে প্রেরণ করা হয়েছে। প্রকল্পটি অনুমোদনের লক্ষ্যে পরিকল্পনা কমিশনের সাথে যোগাযোগ রাখার নির্দেশনা দেয়া হয়।	অনুমোদনের বিষয়ে পরিকল্পনা কমিশনের সাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে।	৩৪ ইঞ্জিনিয়ার কনস্ট্রাকশন ব্রিগেড চট্টগ্রাম
২) সীমান্ত সড়ক (রাঙ্গামাটি, খাগড়াছড়ি ও বান্দরবান পার্বত্য জেলা) নির্মাণ প্রকল্প	প্রকল্পটি ইতোমধ্যে অনুমোদিত হয়েছে। অনুমোদিত ডিপিপি অনুযায়ী কার্যক্রম শুরুর জন্য নির্দেশনা প্রদান করা হয়।	অনুমোদিত ডিপিপি অনুযায়ী কার্যক্রম শুরু করতে হবে।	পরিকল্পনা উইং
৩) ঢাকা-আরিচা মহাসড়কের সাভর সেনানিবাসস্থ শ্যুটিং ক্লাভ পয়েন্টে আন্ডারপাস নির্মান	প্রকল্পটির উপর পিইসি সভা অনুষ্ঠিত হয়েছে। সিদ্ধান্ত অনুযায়ী পুনর্গঠিত ডিপিপি পরিকল্পনা কমিশনে প্রেরণ করা হয়েছে। অনুমোদনের বিষয়ে পরিকল্পনা কমিশনের সাথে যোগাযোগ রাখার নির্দেশনা দেয়া হয়।	অনুমোদনের বিষয়ে পরিকল্পনা কমিশনের সাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে।	প্রধান প্রকৌশলী
২.৮ বিবিধ	আইএমইডি'র চাহিদা অনুযায়ী এডিপিভুক্ত প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি সংক্রান্ত তথ্যাদি যথাসময়ে প্রেরণের জন্য নির্দেশনা প্রদান করা হয়।	আইএমইডি'র চাহিদা অনুযায়ী এডিপিভুক্ত প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি সংক্রান্ত তথ্যাদি যথাসময়ে প্রেরণ করতে হবে।	প্রধান প্রকৌশলী ও অতি: প্রধান প্রকৌশলী (সকল জোন)

৩. এডিপিভুক্ত জিওবি অর্থায়নে বাস্তবায়নাধীন প্রকল্পগুলোর প্রকল্প পরিচালকগণকে কর্মপরিকল্পনা অনুযায়ী আন্তরিকতার সাথে প্রকল্প বাস্তবায়ন করার জন্য অনুরোধ করা হল। সভায় আরে কোন আলোচনার বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

০১/৪/১৮

(মোঃ নজরুল ইসলাম)
সচিব